


ফটোশপ দিয়ে ছবির বিভিন্ন কালার এডিট করা যায়। তেমনি বিভিন্ন এফেক্ট দেয়া থেকে শুরু করে ছবি ব্লেন্ডিংসহ আরও অনেক কাজ করা যায়। এ লেখায় দেখানো হয়েছে কীভাবে দুটি ভিন্ন ছবিকে এডিট করে একটি কভার ফটো তৈরি করা যায়।

প্রথমে একটি নিউ ডকুমেন্ট তৈরি করুন। কুইক সিলেকশন টুল দিয়ে সম্পূর্ণ ব্যাকগ্রাউন্ড সিলেক্ট করে কালো রং দিয়ে পূর্ণ করুন। এবার পছন্দমতো একটি bokeh টেক্সচার ডাউনলোড করে তা এ নিউ ডকুমেন্টে পেস্ট করুন। এ টেক্সচারকে আলাদাভাবে ডিস্যাচুরেট করার প্রয়োজন নেই, পরে আলাদা লেয়ার তৈরি করে পোস্টারিটি চূড়ান্ত করলে তা দেখা যাবে।

চিত্র-১-এ ব্যবহার হওয়া টেক্সচারটি দেখানো হলো। এবার একটি লেয়ার মাস্ক তৈরি করুন



এবং একটি বড় সফট কালো পেইন্ট ব্রাশ দিয়ে bokeh ইমেজের উপরের অংশটুকু এডিট করুন যেনো মনে হয় ইমেজটি ব্যাকগ্রাউন্ডের সাথে মিলে গেছে। এবার লেয়ারের অপাসিটি ২০ শতাংশে কমিয়ে এনে ছবিটির উপরের অংশে আরেকটি bokeh ইমেজ স্থাপন করে একইভাবে পেইন্ট ব্রাশ দিয়ে এডিট করুন (চিত্র-২)।

এবার একটি নতুন লেয়ার তৈরি করে নাম দিন 'white lighting'। ছবিটির মাঝ বরাবর কিছু ট্রান্সপারেন্ট সাদা রং স্থাপন করুন ও লেয়ারটির ব্লেন্ড মোড পরিবর্তন করে ওভারলে সিলেক্ট করুন এবং তা ডুপ্লিকেট করুন। এতে



লাইটিং এফেক্ট আরও সুন্দর হবে। এবার রিফ্রেক্টেড গ্রাডিয়েন্ট টুল সিলেক্ট করুন (এ টুলটি পাওয়া যাবে লিনিয়ার অ্যান্ড র্যাডিয়াল গ্রাডিয়েন্ট অপশনের পরে টুল অপশন বারে)। এবার সাদা গ্রাডিয়েন্টটি ড্র্যাগ করে ছবির মধ্য অংশ পার করে একটু নিচের দিকে টেনে আনলে ছবির মাঝ বরাবর একটি লাইট বিম পাওয়া যাবে (চিত্র-৩)। এবার লেয়ারটির মোড পরিবর্তন করে ওভারলে সিলেক্ট করুন। এবার পছন্দমতো একটি ক্লাব ফটো পেস্ট করুন এবং তা মূল ছবির মাঝ বরাবর বাম দিকে স্থাপন করুন (চিত্র-৪)। লেয়ারটির অপাসিটি ৬০ শতাংশে কমিয়ে আনুন। একটি লেয়ার মাস্ক তৈরি করুন ও সফট কালো পেইন্ট ব্রাশ দিয়ে একটু এডিট করুন, যাতে ছবির সূক্ষ্ম ধারণা বুঝা না যায়, অর্থাৎ ক্লাব ফটোটি মূল ছবির সাথে মিশে যায়।

এবার লেয়ারটির ক্লিপিং মাস্ক তৈরি করুন এবং একটি হিউ/স্যাচুরেশন লেয়ার যোগ করুন (হিউ : ০, স্যাচুরেশন : -১০০, লাইটনেস : ০)। খেয়াল রাখতে হবে, এ লেয়ারটি যেন শুধু ক্লাব ফটোর জন্য প্রয়োগ করা হয়, মূল ক্যানভাসের জন্য নয়। এবার ক্লাব ফটোর একটি ডুপ্লিকেট তৈরি করে ডুপ্লিকেটটি মূল ক্যানভাসের ডান পাশে স্থাপন করুন। এ লেয়ারটির জন্যও একই হিউ/স্যাচুরেশন লেয়ার প্রয়োগ করুন, যাতে তা মূল ব্যাকগ্রাউন্ডের সাথে ভালোভাবে মিলে যায়। এবার কিছু মিউজিক্যাল ইনস্ট্রুমেন্ট যোগ করা


০ শতাংশ, সাইজ : ৬ পিক্সেল)।

নতুন একটি লেয়ার তৈরি করে নাম দিন 'color overlay'। এ ক্যানভাসটি 8e0fd2 থেকে c53cf3 পরিসরের লিনিয়ার গ্রাডিয়েন্ট ব্যবহার করুন। এ লেয়ারটির ব্লেন্ডিং মোড পরিবর্তন করে 'কালার'-এ সিলেক্ট করুন ও এর অপাসিটি ৪০ শতাংশে কমিয়ে আনুন। এবার মূল ছবিটিতে একটি সুন্দর পারপল রংয়ের মিস্কচার যুক্ত হয়ে গেল।

মূল ছবি বানানোর কাজ প্রায় শেষ। এবার ব্যাকগ্রাউন্ডের জন্য একটু সুন্দর প্যাটার্ন তৈরি

ফটোশপ দিয়ে কভার ডিজাইন

আহমদ ওয়াহিদ মাসুদ



করা যাক। একটি নিউ ডকুমেন্ট (৩০×৩০ পিক্সেল) তৈরি করুন। খেয়াল রাখুন প্যাটার্নটি যেনো ট্রান্সপারেন্ট হয়। এবার ১ পিক্সেল ডটের একটি ডায়াগনাল সিরিজ তৈরি করুন অর্থাৎ একটি ক্রস তৈরি করুন ক্যানভাসজুড়ে। এডিট অপশনে গিয়ে ডিফাইন প্যাটার্ন অপশন সিলেক্ট করে প্যাটার্নটির নাম দিন 'cross pattern'। এবার মূল ছবিতে ফিরে গিয়ে একটি নতুন


লেয়ার তৈরি করুন এবং নাম দিন 'pattern top'। এডিটে গিয়ে ফিল অপশনে ক্যানভাসটি ৫০ শতাংশে দিয়ে ফিল করুন। এবার লেয়ারটিতে নিম্নবর্ণিত প্যাটার্ন ওভারলে ব্লেন্ডিং অপশন প্রয়োগ করুন (ব্লেন্ড মোড : নরমাল, প্যাটার্ন : আগে তৈরি 'cross pattern', স্কেল : ১০০ শতাংশ)। অপাসিটি মাত্র ৭ শতাংশ দেয়ার জন্য প্যাটার্নটি খুবই হালকা দেখা যাবে। এতে মূল পোস্টারটি আরও সুন্দর দেখাবে। লেয়ারটির ব্লেন্ডিং মোড ওভারলে হিসেবে সিলেক্ট করে আগের ৫০ শতাংশে হাইড করুন। এখনও প্যাটার্নটি হালকাভাবে দেখা গেলেও দেখতে আরও সুন্দর লাগবে।



এবার নতুন একটি লেয়ারে একটি ডিস্কো বলের ছবি যোগ করে লেয়ারটির অপাসিটি ২৫ শতাংশে কমিয়ে আনুন। আগের মতো কালো ব্রাশ পেইন্ট দিয়ে ডিস্কো বলের ডান দিক ও নিচের দিক মিলিয়ে দিন (চিত্র-৬)। ডিস্কো বলের লেয়ারে ক্লিপিং মাস্ক সহকারে একটি হিউ/স্যাচুরেশন লেয়ার যোগ করুন (হিউ : ০, স্যাচুরেশন : -১০০, লাইটনেস : ০)। ডিস্কো বলে অতিরিক্ত আলো যোগ করে আরও সুন্দর করা যায়। এজন্য ডিস্কো বলের লেয়ারে ইনার শ্যাডো ব্লেন্ডিং মোড যোগ করতে হবে। রাইট বাটন ক্লিক করে লেয়ার স্টাইলে গিয়ে বাম দিক থেকে ইনার শ্যাডো অপশনটি সিলেক্ট করুন। অপশনটির সেটিংস হবে (ব্লেন্ড মোড : ওভারলে, কালার : ffffff, অপাসিটি : ১০০ শতাংশ, অ্যাপেল : ৯০ (গ্লোবাল লাইট), ডিসটেন্স : ০ পিক্সেল, Choke :

এবার ছবিতে কিছু টেক্সট যুক্ত করা যাক। পছন্দমতো কোনো ফন্ট সিলেক্ট করে অথবা ডাউনলোড করে পোস্টারের একদম উপরে মাঝ বরাবর METAL WORLD লিখুন। এবার টেক্সটটিতে ইনার শ্যাডো, আউটার গ্লো এবং গ্রাডিয়েন্ট ওভারলে ব্লেন্ডিং অপশন যোগ করুন। এখানে হেডলাইন ফন্টের সেটিংসহ বাকি তিনটি অপশনের সেটিং দিয়ে দেয়া হলো।

হেডলাইন ফন্ট সেটিং : ফন্ট সাইজ : 66pt, Kerning : -50, কালার : d9c6e1, ইনার শ্যাডো ব্লেডিং অপশন : ব্লেড মোড : মাল্টিপ্লায়, কালার : 000000, অপাসিটি : ৩৬ শতাংশ, অ্যাঙ্গেল : ৯০, ডিসটেন্স : ১ পিক্সেল, Choke : ০ শতাংশ, সাইজ : 5px, আউটার গ্লো ব্লেডিং অপশন : ব্লেড মোড : ক্লিন, অপাসিটি : ১১ শতাংশ, নয়েজ : ০ শতাংশ, কালার : ffffff, স্প্রেড : ০ শতাংশ, সাইজ : ৪০ পিক্সেল, গ্রাডিয়েন্ট ওভারলে ব্লেডিং অপশন : ব্লেড মোড : নরমাল, অপাসিটি : ১০০ শতাংশ, গ্রাডিয়েন্ট : 550876 থেকে bd4ef3, স্টাইল : লিনিয়ার, অ্যাঙ্গেল : ৯০, স্কেল : ১০০ শতাংশ। এবার হেডলাইনের উপরে ও নিচে কিছু ছোট টেক্সট লেখা যাক (সাইজ : 14pt, Kerning: -50, কালার : cf83f0)। ইউজারের ইচ্ছে হলে টেক্সটটিতে কিছু স্টাইল দেয়া যেতে পারে। টেক্সট সিলেক্টেড অবস্থায় ওয়ার্পড করলে তা দেখতে অন্যরকম লাগবে। এ অপশনটি পাওয়া যাবে উপরের বাটনগুলোর একদম ডান দিকে, যার নাম Create Warped Text। সবশেষে চিত্র-৭-এর মতো একটি ছবি পাওয়া যাবে।



চিত্র-৭



চিত্র-৮



চিত্র-৯

এবারের কাজ হলো একটি মডেলের ছবি যুক্ত করা। প্রথমে একটি নিউ ফাইল তৈরি করুন। এবার ব্যাকগ্রাউন্ড লেয়ারটি কালো কালার দিয়ে পূর্ণ করুন। মূল ইমেজ হিসেবে চিত্র-৮ ব্যবহার করা হয়েছে। এবার আপনার তৈরি করা ক্যানভাসের সেন্টারে ছবিটি কপি করে পেস্ট করলে ছবির দুই পাশে কালো কালার থাকবে। এই লেয়ারে একটি লেয়ার মাস্ক ব্যবহার করুন এবং একটি সফট কালো পেইন্ট ব্রাশ দিয়ে ছবিটি থেকে মানুষটির মাথা মুছে ফেললে মুছে ফেলা অংশে পেছনের কালো লেয়ার দেখা যাবে। যদি ছবির নিচে অবাস্তব কোনো বস্তু থাকে, তাহলে তা দূর করতে হবে। এটি দূর করার জন্য ল্যাসো টুল ব্যবহার করে বস্তুটি ঘিরে মোটামুটি একটি সিলেকশন তৈরি করুন। জেনে রাখা ভালো, ল্যাসো টুল হলো সিলেকশনের জন্য প্রয়োজনীয় একটি টুল। আপনি যদি ফটোশপ ৫ ব্যবহার করে থাকেন, তাহলে কন্টেন্ট এরিয়া ফিল করার সুবিধাটি পাবেন। বস্তুটি সিলেক্ট করে এডিট→ফিল→কন্টেন্ট এরিয়া অপশনটি সিলেক্ট করলে খুব সহজেই এবং দ্রুত বস্তুটি মুছে যাবে। তবে কন্টেন্ট এরিয়া অপশনটি ব্যবহার করতে হলে মূল ছবির সাথে একটু বাড়তি অংশ সিলেক্ট করতে হয়, যাতে আশপাশের ব্যাকগ্রাউন্ডের

মতো করে মাঝের অংশটুকু ফটোশপ ফিল করতে পারে। আর যদি পুরনো কোনো ভার্সনের ফটোশপ ব্যবহার করে থাকেন, তাহলে চলোন স্ট্যাম্প টুল ব্যবহার করে স্কেলটির আশপাশের এরিয়া ক্লোন করে তা দূর করতে পারেন। তবে কন্টেন্ট ফিল অপশন ব্যবহার করতে চাইলে সিলেকশনের ব্যাপারটি একটু খেয়াল রাখতে হবে।

গথিক ছবির মাথা মাস্ক অফ করে মুছে দেয়া হয়েছে। কিন্তু একটু ভালোমতো খেয়াল করলে দেখা যাবে জায়গাটি ছবির সাথে মিলছে না। কারণ যে জায়গা মাস্ক অফ করা হয়েছে বা মুছে ফেলা হয়েছে, সেখানে ১০০ শতাংশ কালো কালার আছে আর তার আশপাশে পুরোপুরি কালো কালার নেই। এটি দূর করার জন্য একটি নতুন লেয়ার তৈরি করুন। লেয়ারটির অবস্থান হবে মূল কালো লেয়ারের উপরে, কিন্তু কপি করা গথ ছবির নিচে। লেয়ারটির নাম দিন 'head area lighting'।

এবার আই ড্রপার টুল ব্যবহার করে আশপাশে ঘিরে থাকা ব্যাকগ্রাউন্ডের কালার স্যাম্পল হিসেবে নিন এবং একটি

কালো সফট পেইন্ট ব্রাশ দিয়ে মুছে ফেলা মাথার অংশ পেইন্ট করুন। এটি খুব ভালো হওয়ার দরকার নেই, কারণ পরে বেশিরভাগ জায়গায়ই অন্য ইমেজ দিয়ে ফিল করা হবে, তাই মোটামুটি হলেই চলবে, চেষ্টা করুন যেনো জায়গাটি আশপাশের ব্যাকগ্রাউন্ডের সাথে মিলে যায়।

ছবিতে মাথা ভালোভাবে মুছে ফেলা গেলেও এখন দেখতে একটু অন্যরকম লাগবে। কারণ জ্যাকেটের ভেতরের কোনো অংশ দেখা যাচ্ছে না। তাই এ জায়গাটি নিজেই পেইন্ট করতে হবে। আরেকটি নতুন লেয়ার তৈরি করে নাম দিন 'shadow neck area'। একটি কালো এরিয়া তৈরি করুন, যেটি জ্যাকেটের ভেতরে থাকার কথা।

এবার ইন্টারনেট থেকে আঙনের একটি ছবি ডাউনলোড করে এখানে তা পেস্ট করুন। খেয়াল রাখুন আঙনের ইমেজটি যেনো সামঞ্জস্যপূর্ণ হয় অর্থাৎ এটির সাইজ যেনো মানানসই হয় (চিত্র-৯)। এমনভাবে আঙনের ইমেজটির পজিশন ঠিক করুন, যাতে তা দেখে

মনে হয় মানুষটির ঘার থেকে আঙন জ্বলছে। এবার লেয়ারটির ব্লেডিং মোড পরিবর্তন করে 'screen' সিলেক্ট করুন, যাতে কালো ব্যাকগ্রাউন্ড না থাকে।

এবার ইমেজটির মাঝ বরাবর কিছু কালো কালার আছে, যা দূর করতে হবে। এই সাইড এরিয়াগুলো ফিল করার জন্য মূল ইমেজটির ডান পাশের অর্ধেক ছবি সিলেক্ট করুন। কপি করে তা একটি নতুন লেয়ারে পেস্ট করুন। এবার এডিট→ট্রান্সফর্ম→ফ্লিপ হরাইজন্টাল অপশন সিলেক্ট করুন। এবার ফ্লিপিং ইমেজটি সরিয়ে ছবির ডান পাশ কাভার করুন। খেয়াল করলে দেখতে পাবেন, ফ্লিপ করা ইমেজটি এখনও মানুষটির পায়ের কিছু অংশ দেখাচ্ছে। এটি দূর করার জন্য কন্টেন্ট এরিয়ায় ফিল টুল আবার ব্যবহার করতে পারেন। একইভাবে মূল ছবির বাম পাশও ফিল করুন। এবার ব্লেডিং মোড পরিবর্তন করার জন্য এই নতুন লেয়ার দুটিকে মাস্ক করতে পারেন।

ইন্টারনেট থেকে একটি মানানসই স্কেলের ইমেজ ডাউনলোড করুন। এই স্কেলটি মাথার জায়গায় বসবে। স্কেলটিকে আগের মতো তার ব্যাকগ্রাউন্ড থেকে আলাদা করুন এবং এটিকে প্রয়োজনে রিসাইজ করুন, এরপর এটি জ্যাকেটের ঠিক উপরে বসিয়ে দিন (চিত্র-১০)। লক্ষ রাখুন, স্কেলের লেয়ারটির আঙনের লেয়ার থেকে উপরে থাকবে, যাতে মনে হয় জ্যাকেট থেকে আঙন এসে স্কেলের ভেতরে ঢুকছে। এবার এ স্কেলটিতেও একটি লেভেল এবং কালার অ্যাডজাস্টমেন্ট লেয়ার প্রয়োগ করুন। লেভেল অ্যাডজাস্টমেন্ট লেয়ার :



চিত্র-১০



চিত্র-১১

২৩/১.০০/২৪৩, কালার ব্যালাপ অ্যাডজাস্টমেন্ট লেয়ার : হাইলাইটস -০/০/০/, মিডটোনস -(-৮)/৮/১৫, শ্যাডো -০/০/০।

এবার একটি নতুন লেয়ার খুলে নাম দিন 'skull shading' এবং লেয়ারটির ব্লেডিং মোড ওভারলেতে সেট করুন। একটি সফট, কম অপাসিটির কালো পেইন্ট ব্রাশ দিয়ে স্কেলের চারপাশে পেইন্ট করুন, যাতে শ্যাডোর এফেক্ট পাওয়া যায়। এতে স্কেলটি আরও বাস্তব মনে হবে।

এবার আরও কিছু আঙন সেট করার সময়। আঙনের ছবিটি আবার পেস্ট করুন এবং তা স্কেলের উপরে নিয়ে আসুন। এবার লেয়ারটির ব্লেডিং মোড পরিবর্তন করে 'screen' সিলেক্ট করুন, যাতে তার কালো ব্যাকগ্রাউন্ড


হাইড হয়ে যায়। একটি লেয়ার মাস্ক যুক্ত করুন এবং একটি কালো সফট পেইন্ট ব্রাশ দিয়ে আঙনের নিচের দিকে মাস্ক অফ করুন, যাতে মনে হয় আঙনটি স্কেলের চোখ থেকে বের হচ্ছে। এই পদ্ধতি বারবার প্রয়োগ করুন, যাতে স্কেলের চারপাশে আঙনের এফেক্ট আরও বেশি হয়।

(বাকি অংশ ৭৪ পৃষ্ঠায়)

ফটোশপ দিয়ে কভার ডিজাইন

(৭২ পৃষ্ঠার পর)

এবার কিছু ধোঁয়ার ছবি ইন্টারনেট থেকে ডাউনলোড করুন। একটি নতুন লেয়ার তৈরি করে নাম দিন 'smoke' এবং সাদা পেইন্ট ব্রাশ ব্যবহার করে স্কেলের আগুনের উপরে কিছু ধোঁয়া যুক্ত করলে মনে হবে ধোঁয়া স্কেলের আগুনের থেকে আসছে। এবার স্মোক লেয়ারের অপাসিটি কমিয়ে ২০ শতাংশে নিয়ে এলে মডেলের ছবিটি সম্পূর্ণ হবে। এবার শুধু মডেলের ছবিটি কাট করুন (চিত্র-১১)।



চিত্র-১২

এই মডেলের ছবিটি আগের এডিট করা ব্যাকগ্রাউন্ড ছবির পছন্দমতো যেকোনো জায়গায় বসিয়ে দিলে সবশেষে চিত্র-১২-এর মতো একটি ছবি পাওয়া যাবে **কল্প**

ফিডব্যাক : wahid_cseast@yahoo.com ▶